তারিখ 2 7 MAR 2015
পৃষ্ঠা ২০ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

# যমুনা নদীর মতই বহমান বাংলাদেশের সঙ্গে বন্ধন

## নর্থ সাউথ ইউনিভার্সিটিতে চীনা উপ-প্রধানমন্ত্রী

■ বিশেষ প্রতিনিধি

চীনের উপ-প্রধানমন্ত্রী লিউ ইয়ানডং বলছেন, আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিস্থিতি যাই থাকুক বাংলাদেশ ও চীনের সম্পর্ক এগিয়ে যাবে। দিনে দিনে নতুন নতুন মাত্রা ও বৈচিত্র্য পাবে। যমুনা নদীর মতই চির বহমান আমাদের ঐতিহাসিক সম্পর্ক। গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় বেসরকারি নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) আয়োজিত সংবর্ধনার জবাবে লিউ ইয়ানডং একথা বলেন। এনএসইউ-এর কনফুসিয়াস ইনস্টিটিউটের দশ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাণিজ্য মন্ত্রী তোফায়েল আহমদ। কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক দিলারা আফরোজ খান রুপার সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন এনএসইউ-এর বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান বেনজির আহমেদ ও ভিসি প্রফেসর আমিন সরকার।

চীনা উপ-প্রধানমন্ত্রী এনএসইউ-এর শিক্ষক, শিক্ষার্থী, গবেষক, পরিচালকমণ্ডলী ও অতিথিদের উদ্দেশে বলেন, বাংলাদেশ ও চীনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অকৃত্রিম ও সুদীর্ঘ দিনের। বঙ্গবন্ধুর আমলে এই সম্পর্কের ভীত রচিত হয়। এখন তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমাদের সম্পর্ক নতুনমাত্রা ও উচ্চতায় এগিয়ে যাচ্ছে। আমরা দুদেশের জনগণের মধ্যে যোগাযোগ ও সম্পর্ককে বেশি গুরুত্ব দিচ্ছি। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার মধ্যে চীনের দ্বিতীয় বৃহত্তম বাজার। আর চীন বাংলাদেশের সবচেয়ে বড় উন্নয়ন ও বাণিজ্যিক অংশীদার। চীন ও বাংলাদেশ উভয়ে নিজ নিজ দেশকে সমৃদ্ধ করবে পরস্পরের সহযোগিতায়। লক্ষ্য অর্জনে দুদেশের জনগণ যৌথ প্রয়াস নেবে।

তিনি আরো বলেন, শিক্ষা ও সাংস্কৃতিক ক্ষেত্রে সহযোগিতা আমাদের অন্যতম অগ্রাধিকার। তার প্রমাণ এই কনফুসিয়াস ইনস্টিটিউট। এই উপমহাদেশের মধ্যে বাংলাদেশেই রয়েছে এই ইনস্টিটিউট যা অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান। বাংলাদেশে চীনা ভাষা ও চীনে বাংলা ভাষা প্রচলনের বিশেষ ব্যবস্থা নেয়া হবে। এ বছরই বাংলাদেশের একশ' ছাত্র-ছাত্রী চীন যাবে।

লিউ ইয়ানডং আরো বলেন, আরো বেশি পরিমাণে চীনা প্রতিষ্ঠান বাংলাদেশে ব্যবসা করবে। বিশেষ ইপিজেডে আরো বিনিয়োগ হবে। পৃষ্ঠা ২ কলাম ৫